

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ ফেব্রুয়ারী ২০২২

## সিরাজুল হক মিয়ান কবরে মেয়রের শ্রদ্ধা

মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, চট্টগ্রাম পৌরসভার সাবেক নির্বাচিত ভাইস চেয়ারম্যান, ২২ নগর মহল্লা কমিটির প্রধান উপদেষ্টা, আঞ্জুমানে মুফিদুল ইসলামের সাবেক সভাপতি সিরাজুল হক মিয়ান ২৮তম মৃত্যুবার্ষিকীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর পক্ষে আজ বৃহস্পতিবার সকালে চৈতন্যগলি কবরস্থানে মরহুমের কবরে পুষ্পস্তবক অর্পন করা হয়। পুষ্পস্তবক অর্পন শেষে প্রতিনিধিগণ মরহুম সিরাজ মিয়ান কবর জেয়ারত করেন।

এসময় কর্পোরেশনের প্যানেল মেয়র ২ মো. গিয়াস উদ্দিন, ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, চৌধুরী হাসান মাহমুদ হাসনী, নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, আতাউল্লাহ চৌধুরী, গোলাম মো. জোবায়ের উপস্থিত ছিলেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## নির্দেশনা মোতাবেক সাইনবোর্ড বাংলায় না লেখায় ২টি ব্যবসা প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে নির্দেশনা মোতাবেক সাইনবোর্ডে বাংলা না লেখায় লালখান বাজার মোড় সংলগ্ন লাইফ স্টাইল ফ্যাশন ওয়্যারকে ৫ হাজার টাকা ও কমপ্লিট কিচেনকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩